

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০  
কর্মসংস্থান-০৩শাখা  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং-৪৯.০০.০০০০.১১২.৩১.০১০.১৬-২০

তারিখ: ২৬ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ  
০৯ জানুয়ারী ২০১৮ খ্রীষ্টাব্দ

### প্রজ্ঞাপন

শ্রম-অভিবাসন খাতে প্রতিনিধিত্ব, অংশগ্রহণ এবং সামাজিক সংলাপ ইত্যাদি ইস্যুতে বিভিন্ন স্টেকহোল্ডারদের সহযোগিতা ও সংশ্লিষ্টতার প্রয়োজনীয়তার নিরিখে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০১৬-এর পরিশিষ্ট-১ ও ২ এর অনুসরণে নিম্নরূপ একটি জাতীয় শ্রম - অভিবাসন ফোরাম গঠন করা হলো:

(ক) জাতীয় শ্রম - অভিবাসন ফোরাম (National Labour Migration Forum) এর গঠন:

- ১। মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় - সভাপতি
- ২। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি/তীর প্রতিনিধি - সদস্য
- ৩। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য
- ৪। বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য
- ৫। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য
- ৬। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য
- ৭। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য
- ৮। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য
- ৯। অর্থ বিভাগ এর প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য
- ১০। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য
- ১১। পরিকল্পনা বিভাগ এর প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য
- ১২। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য
- ১৩। স্থানীয় সরকার বিভাগ এর প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য
- ১৪। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য
- ১৫। জননিরাপত্তা বিভাগ এর প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য
- ১৬। সুরক্ষা সেবা বিভাগ এর প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য
- ১৭। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য
- ১৮। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য
- ১৯। স্বাস্থ্য সেবা বিভাগ এর প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য
- ২০। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) - সদস্য


- ২১। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো - সদস্য
- ২২। মহাপরিচালক, ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড - সদস্য
- ২৩। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল - সদস্য
- ২৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক - সদস্য
- ২৫-৪১। অধিদপ্তর/দপ্তর/সরকারি এজেন্সিসমূহের প্রতিনিধি - সদস্য
- ৪২। ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশন অব বাংলাদেশ (এনএইচআরসি), ঢাকা এর প্রতিনিধি - সদস্য
- ৪৩। আইএলও, ঢাকা, বাংলাদেশ এর প্রতিনিধি - সদস্য
- ৪৪। আইওএম, ঢাকা, বাংলাদেশ এর প্রতিনিধি - সদস্য
- ৪৫। ইউএন ওমেন, ঢাকা, বাংলাদেশ এর প্রতিনিধি - সদস্য
- ৪৬। সুইস এজেন্সি ফর ডেভলপমেন্ট এন্ড কো-অপারেশন (SDC) ঢাকা, বাংলাদেশ এর প্রতিনিধি - সদস্য
- ৪৭। সভাপতি, বায়রা, ঢাকা, বাংলাদেশ - সদস্য
- ৪৮। সাধারণ সম্পাদক, বায়রা, ঢাকা, বাংলাদেশ - সদস্য
- ৪৯। প্রেসিডেন্ট, বাংলাদেশ এমপ্লয়র্স ফেডারেশন, ঢাকা, বাংলাদেশ - সদস্য
- ৫০-৫২। সিভিল সোসাইটির প্রতিনিধি - সদস্য [সরকার কর্তৃক মনোনীতব্য]
- ৫৩-৫৫। গণ্যমান্য ব্যক্তি [সরকার কর্তৃক মনোনীতব্য] - সদস্য
- ৫৬-৫৯। অন্যান্য সদস্য, যদি থাকে [সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিতব্য]
- ৬০। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় - সদস্য সচিব।

(খ) **শ্রম - অভিবাসন ফোরাম এর কার্যপরিধি (Terms of Reference):**

- ১। 'প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬' বাস্তবায়নের লক্ষ্যে পরামর্শ প্রদান এবং এর বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি মূল্যায়নের মুখ্য ও স্বাধীন সংস্থা হিসাবে কাজ করা।
- ২। অভিবাসী কর্মী এবং তাদের পরিবারের সদস্যদের সামাজিক নিরাপত্তাসহ সার্বিক সর্বোচ্চ নিরাপত্তা ও সুরক্ষার নিশ্চয়তা বিধানের লক্ষ্যে প্রচলিত আইন ও বিধিবিধানের প্রয়োগ পরিবীক্ষণ করা।
- ৩। সরকার কর্তৃক বিদ্যমান আইন ও বিধিবিধান অনুযায়ী রিক্রুটিং এজেন্সিগুলোর কার্যক্রমের নিয়ন্ত্রণ সংক্রান্ত আইন-কাঠামোর (regulatory frame work) সঠিক প্রয়োগ নিশ্চিত করা।
- ৪। শ্রম অভিবাসন সংক্রান্ত সব পরিকল্পনা ও চর্চায় 'পূর্ণাঙ্গ ও কার্যকর বৈদেশিক কর্মসংস্থান' এবং 'স্বাধীনভাবে বৈদেশিক কর্মসংস্থান নির্বাচনের অধিকার' এই নীতিদ্বয়ের অনুসরণ নিশ্চিতকরা, যেন এসব পরিকল্পনা ও চর্চা জাতীয় অর্থনৈতিক উন্নয়ন, জীবনযাত্রার মান বৃদ্ধি ও কর্মীদের চাহিদা পূরণে ভূমিকা রাখতে পারে।
- ৫। 'প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬' এর বাস্তবায়ন সংক্রান্ত পরিকল্পনাসমূহ সময় সময় পর্যালোচনা করা এবং এর বাস্তবায়নের জন্য অগ্রাধিকারমূলক কার্যক্রম নির্ধারণ।
- ৬। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থাসমূহকে শ্রম-অভিবাসন পরিচালনা-কাঠামোর উন্নয়ন ও সংস্কার সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান।
- ৭। অভিবাসন সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণে নির্দেশনা প্রদান করা।
- ৮। দক্ষ অভিবাসনকে সম্প্রসারণের জন্য প্রশিক্ষণ ব্যবস্থা গ্রহণে নির্দেশনা প্রদান করা।
- ৯। অভিবাসন প্রক্রিয়াকে আধুনিকায়নের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা।
- ১০। ফোরামের সদস্য সংখ্যা হবে অনধিক ৬০ জন।

- ১১। ফোরামের কাঠামো এমনভাবে গঠিত হবে যেন সবসময় মোট সদস্যের ৩৩ ভাগ নারী হন।
- ১২। সরকারি বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থা এবং নিয়োগকর্তাদের ফেডারেশন প্রতিনিধি-সদস্যরা মনোনয়নের ভিত্তিতে ফোরামে অন্তর্ভুক্ত হবেন।
- ১৩। অভিবাসী কর্মীদের সংগঠন, ট্রেড ইউনিয়ন, গবেষণা প্রতিষ্ঠান, রিক্রুটমেন্ট এজেন্ট এবং নাগরিক সমাজের সংগঠনগুলোর প্রতিনিধিগণ প্রথমবার সদস্য হবেন আমন্ত্রণের ভিত্তিতে। এই সংগঠনগুলোর প্রত্যেকে তিন জন প্রতিনিধি-সদস্য মনোনয়ন দেবেন: প্রথম জন এক বছর মেয়াদের জন্য, দ্বিতীয় জন দুই বছর মেয়াদের জন্য এবং তৃতীয় জন তিন বছর মেয়াদের জন্য। জাতীয় শ্রম অভিবাসন ফোরাম বছরে অন্তত একবার বৈঠকে মিলিত হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
 ০২/১/২০১৮  
 (মোঃ মোখলেছুর রহমান আকন্দ)  
 উপসচিব  
 ফোনঃ ৫৫১৩৮০৮১

নং-৪৯.০০.০০০০.১১২.৩১.০১০.১৬-২০

তারিখ: ২৬ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ  
 ০৯ জানুয়ারী ২০১৮ খ্রীষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,.....মন্ত্রণালয়।
- ০৪। অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৫। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল/প্রবাসী কল্যাণ ব্যাংক।
- ০৭। যুগ্মসচিব (সকল) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০৯। সভাপতির একান্ত সচিব, প্রকবৈকম সম্পর্কিত স্থায়ী কমিটি, জাতীয় সংসদ, ঢাকা (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য)।
- ১২। জনসংযোগ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৩। সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। অফিস কপি।